আলমডাঙ্গায় যৌতুক না পেয়ে গৃহবধূকে হত্যার অভিযোগ

আলমডাঙ্গা উপজেলার চিলা ভালকি গ্রামে যৌতুকের জন্য নির্যাতনের শিকার হয়ে তানজিলা খাতুন (২২) নামের এক গৃহবধূ নিহত হয়েছেন।

গত শনিবার গভীর রাতে এ ঘটনা ঘটে। নিহত তানজিলা সদর উপজেলার ভান্ডার গ্রামের মৃত আছান আলীর মেয়ে।

দুই বছর আগে প্রেমের সম্পর্কের পর তানজিলার বিয়ে হয় একই উপজেলার রাহেনের ছেলে রুমানের সঙ্গে। বিয়ের পর থেকেই যৌতুককে কেন্দ্র করে তাদের দাম্পত্যজীবনে কলহ শুরু হয়। প্রথম দিকে তানজিলার নানা তৈয়ব আলী দেড় লাখ টাকা যৌতুক দেন।

কিন্তু এরপরও থেমে থাকেনি দাবি। রুমান ও তাঁর পরিবার আরও দুই লাখ টাকা যৌতুকের জন্য চাপ দিতে থাকে।

নিহতের পরিবার বলছে, এ টাকা দিতে না পারায় তানজিলাকে নানাভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করা হতো। এরই জের ধরে গত শনিবার রাতে স্বামী ও শ্বশুরবাড়ির লোকজন মিলে তাঁকে গলায় ওড়না পেঁচিয়ে হত্যা করেছে বলে অভিযোগ উঠেছে। তানজিলার নানা তৈয়ব আলী বলেন, “আমার নাতনিকে অনেক নির্যাতন করা হয়েছে। শেষ পর্যন্ত যৌতুক না পেয়ে ওরা ওড়না পেঁচিয়ে মেরে ফেলেছে। এখন আমরা কেবল নাতনির হত্যার বিচার চাই।”

তানজিলার কোলে রয়েছে মাত্র আট মাসের একটি ছেলে সন্তান। মায়ের মৃত্যুতে শিশুটি এখন মায়ের স্নেহ হারিয়ে নিঃসঙ্গ হয়ে পড়েছে। ঘটনার পর গ্রামে শোকের আবহ বিরাজ করছে। স্থানীয়দের দাবি, যৌতুকের মতো একটি সামাজিক ব্যাধি থেকে এমন নির্মম হত্যাকাণ্ড ঘটছে। তাঁরা দ্রুত দোষীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদুর রহমান বলেন, “খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।”

দামুড়হুদায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা

দামুড়হুদার নতিপোতা ইউনিয়নে বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকেলে নতিপোতা বাজারে এই অনুষ্ঠানের আয়োজন করে নতিপোতা ইউনিয়ন বিএনপি।

এতে সভাপতিত্ব করেন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মাসুদ রানা। প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। প্রধান বক্তা ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইদ্রীস আলী, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল হক, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, যুগ্ম সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান বাবুল, সাংগঠনিক সম্পাদক শওকত আলী ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

নতিপোতা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি তুহিনুর রহমান সোহাগের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র কোষাধ্যক্ষ আল মাসুম বাবু, নতিপোতা ইউনিয়ন বিএনপি নেতা বাবলুর রহমান, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মাহফুজুর রহমান জনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির ১ নং ওয়ার্ডের সভাপতি বদরুল আলম, সাধারণ সম্পাদক লুৎফর রহমান, ২ নং ওয়ার্ডের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের সভাপতি আসাদুর রহমান মিঠু, ৪ নং ওয়ার্ডের সভাপতি আব্দুর রফিক, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শফি, ৫ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, ৬ নং ওয়ার্ডের সভাপতি আবু সাঈদ, ৭ নং ওয়ার্ডের সভাপতি

শরিফ আলী, সাধারণ সম্পাদক বাবলুর রহমান, ৮ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান, ৯ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, সহ-সভাপতি তরিকুল ইসলাম, বিএনপি নেতা নজরুল ইসলাম, নতিপোতা ইউনিয়ন যুবদল নেতা ইঞ্জিনিয়ার আকরাম হোসেন খান, জাহাঙ্গীর আলম অংকিল, মেহেদী হাসান নাঈম, পারভেজ আলী, ইউনিয়ন স্বেচ্ছাসেবকদলের আহ্বায়ক ডালিম শেখ, সদস্য সচিব সাগর আলী, যুগ্ম আহ্বায়ক আলমগীর হোসেন, নতিপোতা ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি শাকিল শেখ, যুগ্ম সাধারণ সম্পাদক নাগিবুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান বক্তা দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, পিআর পদ্ধতি অজুহাতে নির্বাচন কালক্ষেপণ করার পায়তারা করছে একটি দল। নির্বাচন বন্ধ করতে ষড়যন্ত্র করছে। দেশের মানুষ পিআর টিআর বোঝেনা। ভোট দেবেন এখানে আর সংসদ সদস্য নির্বাচিত হবে সন্দ্বীপে এমনটা হবে না। ওই নির্বাচন আমরা চাইনা। পারলে প্রতিযোগিতা করে নির্বাচন করে সংসদ সদস্য হয়ে দেখান। কোনো ষড়যন্ত্র করে বিএনপির গতিকে মন্থর করা যাবে না।

অনুষ্ঠানের প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির বলেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন। এই নির্বাচনে বিএনপি’র সুনিশ্চিত জয় হবে দেখে একটি দল ষড়যন্ত্র করছে। বিএনপি’র বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র করে লাভ নেই। শহীদ জিয়ার আদর্শে গড়া বিএনপি পানিতে ভেসে আসেনি। আগামী নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনে মাহমুদ হাসান খান বাবুকে ধানের শীষে ভোট দিয়ে নির্বাচিত করতে হবে। সকলকে ভেদাভেদ ভুলে কাজ করতে হবে।

দর্শনার শৈলমারী গ্রামে আখচাষী সভা অনুষ্ঠিত

দর্শনা কেরু সাবজোন মিলগেট পূর্ব শৈলমারী গ্রামে আখচাষী সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকাল সাড়ে ৫টার দিকে শৈলমারী মসজিদ মোড়ে এ আখচাষী সভা

অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বিশিষ্ট আখচাষী আজিবর রহমান। ২০২৫-২০২৬ রোপণ ও মাড়াই মৌসুমে আখ রোপণ এবং পরিচ্ছন্ন আখ সরবরাহে চাষিদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু অ্যান্ড কোম্পানি বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, “আপনারা আগাম আখ চাষ করলে আপনাদের ভর্তুকি দেওয়া হবে। এতে আখের ফলন ভালো হবে এবং চিনির আহরণ বাড়বে। তাই ভালো মানের বীজের আখ সরবরাহ করুন, এতে আপনারা অনেক লাভবান হবেন। অন্যান্য ফসলের তুলনায় ক্ষতির সম্ভাবনা কম হবে। তাই আপনারা আখ চাষের প্রতি মনোযোগ দিন। দেখবেন আপনাদের উন্নতি হচ্ছে, পাশাপাশি চিনিকলও ঘুরে দাঁড়াচ্ছে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মহাব্যবস্থাপক আশরাফুল আলম ভূঁইয়া, ডিজিএম (কৃষি সম্প্রসারণ) মাহবুবুর রহমান, এসসিডিএ মাহফুজুল আলম রতন ও সিডিএ গোলাম মোস্তফা। অনুষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আব্দুর রহমান।

আখচাষীদের মধ্যে উপস্থিত ছিলেন আকরাম মোল্লা, মাসুম মোল্লা, ছমির আলি, আসলাম, রায়হান মোল্লা, সামসুল, আছির, ওহিদুল মাস্টারসহ শতাধিক চাষি।

আলমডাঙ্গায় শহীদ ওয়াশিম আকরাম ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামে শহীদ ওয়াশিম আকরাম ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে ফরিদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে এই ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে বেলগাছি ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক বোরহান

উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ। তিনি বলেন, “সুস্থ দেহ ও সুস্থ মন গঠনে খেলাধুলা কিংবা শরীরচর্চার কোনো বিকল্প নেই। তাই যুব সমাজকে মাদকের আগ্রাসন থেকে বের হয়ে খেলার মাঠে আসতে হবে। আমার বিএনপি দল সবসময় সুস্থ সুন্দর সমাজ গঠনে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।”

অনুষ্ঠানে প্রধান উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোমিন মালিথা। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ হোসেন, সাধারণ সম্পাদক কামাল হোসেন এবং সাবেক সভাপতি ঝন্টু মালিথা।

দশর্নায় কৃষকদের মাঝে বিনা-২৬ ধানবীজ বিতরণ

দশর্না পরানপুর কৃষকদের মাঝে বিনা-২৬ ধানবীজ বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার বিকাল সাড়ে ৫টায় বাংলাদেশ বীনা গবেষণার উদ্যোগে পরানপুর আলিফ ট্রেডার্সের সামনে এই বীজ বিতরণ করা হয়।

এ বীজ বিতরণ অনুষ্ঠানে বক্তব্যে রাখেন, বাংলাদেশ সুপ্রীম কোর্টের এ্যাডভোকেট ফারুক হোসেন এবং বিশিষ্ট বীজ ও কীটনাশক উদ্ভাবক রাজেদুল ইসলাম বিনা ধান রোপনের দিক নিদর্শনা ও নিয়মাবলী সম্পর্কে কৃষকদের ধারণা প্রদান করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আওয়াল হোসেন।

আলমডাঙ্গা সহ সারাদেশে বাউল সম্প্রদায় শঙ্কিত

গোয়ালন্দে নূরাল পাগলের লাশ কবর থেকে তুলে পুড়িয়ে দেওয়ায় আলমডাঙ্গায় মাজার নিয়ে শঙ্কিত বাউল সম্প্রদায়। বাউল শিল্পীদের জীবিকায় ভাটা পড়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলা শতাধিক মাজার রয়েছে। মাজার নিয়ে বাউল সাধকদের যে আবেগ, মনের বিশ্বাস লালন করে, তাদের সেই ভাবাবেগের উপর বার বার নেমে এসেছে খড়গাঘাত। আঘাতে আঘাতে আহুত হৃদয় নিয়ে কোনোমতে টিকিয়ে রেখেছে তাদের ধর্মীয় অনুভূতি। বছরের একটি মাত্র গুরুপ্রাপ্ত দিন স্বরণ করে আসছে সাদামাটা ভাবে। বিগত দিনে দেখা গেছে, প্রতিটি আখড়া বা মাজারে বাৎসরিক অনুষ্ঠান কত সুন্দর জাঁকজমকপূর্ণ ভাবে পালিত হয়েছে। দূর দূরান্ত থেকে সাধুদের আগমন দেখে এলাকার মানুষ চমকে যেত। নামী-দামী শিল্পদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। পালা গান বা ভাব গানে সারা রাত জেগে মানুষ উপভোগ করেছে।

সারা বছর এলাকাবাসী চেয়ে থাকে ঐ একটি দিনের অপেক্ষায়। পায়ে হেঁটে দূর দূরান্তে মানুষ ছুটে যেত গ্রাম বাংলার ঐতিহ্য সংগীত ভাব গানে আসরে। ইহাতে শিল্পীদের মধ্যে একটা সংগীত চর্চার একটা প্রতিযোগিতা তৈরি হত,পাশাপাশি শিল্পী ও বাদ্যযন্ত্র বাদকদের একটা রুজিরোজগারের সংস্থান হত। সাঊন্ড,লাইট ডেকোরেশন ব্যাবসায়ীদের ব্যাবসা দিদারসে রমরমিয়ে চলত।আজ তাদের রুজির ভাণ্ডারে টান পড়েছে।তারা আজ সংগীত চর্চা ছেড়ে বেকার হয়ে কেউ কেউ রিকসা চালায়ে,মাছ ধরে,মাঠে জন খেটে জীবিকা নির্বাহ করছে।

একুশে পদক প্রাপ্ত খোদাবক্স শাহের পুত্র বাউল শিল্পী আব্দুল লতিফ শাহ বলেন সংগীতানুষ্ঠান প্রায় বন্ধ হয়ে যাওয়ার উপক্রম। শিল্পীরা সব ঘরে বসে আছে। তারা না পারে মাঠে কৃষি কাজ করতে, না পারে রিক্সা চালাতে। সংগীত পরিমন্ডল উন্মুক্ত করে দেওয়া উচিত।

বাংলাদেশের স্বনামধন্য বংশীবাদক মনোয়ার হোসেন খোকন বলেন, আমরা সারা দেশে প্রোগ্রাম করে থাকি। বর্তমানে কোন কাজ পাচ্ছি না। একপ্রকার ঘরে বসে আছি। আলমডাঙ্গার নামকরা হারমনিয়াম বাদক আশরাফুল আলম মন্টু বলেন, বাউল সাধক সম্প্রদায় খুব সঙ্কটে আছে। মন খুলে

অনুষ্ঠান করতে পারছে না। আমরা অনেকেই মানবেতর জীবনযাপন করছি। আলমডাঙ্গার স্বনামধন্য বাউল সাধক শিল্পী রইচ উদ্দিন শাহ বলেন, আলমডাঙ্গা উপজেলায় শতাধিক মাজার বা আখড়া আছে। সমস্ত জায়গায় সাধুসঙ্গ অনুষ্ঠান বন্ধ হতে চলেছে। কোনো কোনো স্থানে হলেও ছোট আকারে দিন রক্ষা করে চলেছে।

সাংস্কৃতিক কর্মী ও সাংবাদিক হামিদুল আজম বলেন, বৃহত্তর কুষ্টিয়ায় ঘরে ঘরে বাউল সম্প্রদায়ের আদর্শে দীক্ষিত মানুষ বসবাস করে। আলমডাঙ্গার ফরিদপুর গ্রাম কে বলা হয় সাতশ ফকিরের বসবাস। এখানে বাউল শিল্পী বাদ্যকার অনেক মানুষ আছে যাদের সংগীতই হল একমাত্র বাঁচার অবলম্বন বা জীবিকা। তাদের সেইর জীবকায় আঘাত পড়েছে। এদের মুক্তমনে তাদের আদর্শিক রীতিনীতি পালন করতে দেওয়া উচিত।

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ঈদ ই মিলাদুন্নবী উদযাপন

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ের আয়োজনে যথাযথ সম্মান ও ভাবগাম্ভীর্যের মধ্যে দিয়ে ঈদ ই মিলাদুন্নবী উদযাপন উপলক্ষে দোয়া আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টায় কেরু উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে স্কুলের হল রুমে ঈদ ই মিলাদুন্নবী উদযাপনের দোয়া ও আলোচনা সভার সভাপতিত্ব করেন স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আঃ রহিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ রাব্বিক হাসান এফসি এম এ। এ সময় তিনি হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন এবং তার উপর বিস্তর আলোচনা করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক (অর্থ) মোঃ আশরাফুল আলম ভূইয়া, জুনিয়র হিসাব সহকারী নাঈমা রেজা। পরে প্রতিযোগিতার বিজয়ী ছাত্র ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

দামুড়হুদায় ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন

দামুড়হুদায় ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ১৪৪৭ হিজরী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র। এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে. এইচ. তাসফিকুর রহমান, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি আবেদউদ্দৌলা টিটন, ইসলামী ফাউন্ডেশনের কেয়ারটেকার আবুল হাসান, লক্ষ্মীপুর জামে মসজিদের ইমাম আব্দুল আউয়াল, জয়রামপুর শেখপাড়া জামে মসজিদের ইমাম মহিউদ্দিনসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, আমন্ত্রিত অতিথিবৃন্দ ও বিভিন্ন মসজিদের ইমামগণ।

সভায় বক্তারা বলেন, ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) আমাদের জন্য শুধু উৎসবের দিন নয়; বরং এটি আত্মশুদ্ধি ও নৈতিকতার শিক্ষাগ্রহণের দিন। মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর জীবনাদর্শে রয়েছে শান্তি, সহমর্মিতা, ন্যায় ও মানবকল্যাণের বার্তা। তাঁর শিক্ষা ও আদর্শকে সমাজে বাস্তবায়ন করতে পারলেই সন্ত্রাস, জঙ্গিবাদ ও অনৈতিকতা থেকে মুক্ত একটি সমাজ গঠন সম্ভব হবে।

পরিশেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। দোয়া পরিচালনা করেন উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা আশরাফুল আলম।

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় অনিবার্ণ থিয়েটার কার্যালয়ে বর্ষা উৎসবের উদ্বোধন করেন, দর্শনা থানার অসি অপারেশন অনুপ দাস ও অনিবার্ণ থিয়েটারের সিনিয়ার সদস্য কবিরুল হক লিপু, আওয়াল হোসেন ও সাজ্জাদ হোসেন।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে শাপলা ফুলের মালা, ছাতা ও কুচুপাতার ব্যবহার করে বষার্র পরিবেশ সৃষ্টি করা হয়। শুরুতেই বর্ষার কবিতা আবৃতি করেন, মুন্সি কবির ও সাজ্জাদ হোসেন অনিবার্ণ থিয়েটারের কার্যক্রম ইতিহাস তুলে বক্তব্য রাখেন। এরপর দর্শনা অনিবার্ণ থিয়েটার সদস্যদের পরিবেশনায় শিশু শিল্পীদের দলীয় সংগীত মুক্ত মালার ছাতি মাথায় বর্ষা এলারে, অভিভাবকদের ওগো তোমার আকাশ দুটি চোখে গানটি পরিবেশন করেন।

এছাড়া একের পর এক কবিতা আবৃতি, নিত্য ও কৌতুক সংগীত পরিবেশন করেন অনিবার্ণের সদস্যরা। এসময় আরো উপস্থিত ছিলেন, এ এস আই মনি মহন সরকার, স্বপনা, মিলন, সাব্বির আলিম, খাইরুল ইসলাম ও রিদয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বেতার শিল্পী মোস্তাক আহম্মেদ মনা ও প্রভাষক মিল্টন কুমার সাহা, মিলন, হাবিবুর রহমান ইদু। অনুষ্ঠান শেষে চড়ুইভাতি আয়োজন করে অনিবার্ণ থিয়েটার।

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে মাদকদ্রব্যসহ দম্পতি গ্রেফতার

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর মাদকবিরোধী অভিযানে ৫০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, নগদ টাকা ও মোবাইল ফোন উদ্ধার করেছে আইনশৃঙ্খলা

রক্ষাকারী বাহিনী। এ ঘটনায় এক দম্পতিকে গ্রেফতার করা হয়েছে।

বাংলাদেশ সেনাবাহিনীর হারদী অস্থায়ী ক্যাম্পের নেতৃত্বে গত বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে এ অভিযান পরিচালিত হয়। সেনাবাহিনীর সদস্যদের সঙ্গে আলমডাঙ্গা থানা পুলিশের এসআই (নিঃ) মো. নুর ইসলাম শিকদার ও সঙ্গীয় ফোর্স অংশ নেন।

গ্রেফতার হওয়া ব্যক্তিরা হলেন— আলমডাঙ্গা পৌর এলাকার স্টেশনপাড়ার মৃত মহর আলী বিশ্বাসের ছেলে সাজ্জাদুল আলম ছপু (৪৫) ও তার স্ত্রী রুনা খাতুন (৪০)। অভিযান চলাকালে তাদের বসতবাড়ির সামনে থেকে ৫০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, মাদক বিক্রয়ের নগদ দুই হাজার ৬৮৩ টাকা এবং দুটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত আলামত ঘটনাস্থলেই জব্দ তালিকা মূলে জব্দ করা হয়।

পরে গতকাল শুক্রবার আলমডাঙ্গা থানায় তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬ (১) সারণির ২৯ (ক) ধারায় মামলা (নম্বর-১২/২০২৫) রুজু করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, মাদকবিরোধী এ ধরনের যৌথ অভিযান অব্যাহত থাকবে।